দৈনিক সংবাদ

14 NOV 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

45

শিক্ষকদের প্রতি কাজী জাফর

# হঠকারী রাজনীতির বিরুদ্ধে জাতিকে সজাগ করুন

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ নৈরাজ্য ও ধ্বংসাত্মক তৎপরতার বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির জন্য শিক্ষক সমাজের প্রতি

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

শিক্ষকদের প্রতি কাজী জাফর

(১ম পাতার পর)

আহ্বান জানিয়েছেন। তিনি তাদের উদ্দেশে বলেন, হঠকারী রাজনীতির বিরুদ্ধে জাতির বিবেককে জাগিয়ে দিন।

তিনি গতকাল মঙ্গলবার বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের কেন্দ্রীয় নেতৃবৃন্দের এক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহ, কেন্দ্রীয় নেতৃবৃন্দ ও ফেডারেশনের পাঁচটি অংগ সংগঠনের নেতৃবৃন্দ সমাবেশে উপস্থিত ছিলেন।

কাজী জাফর আহমদ বলেন, নৈরাজ্য ও নিয়মতান্ত্রিক আন্দোলন এক কথা নয়। যানবাহন ও রাষ্ট্রীয় সম্পদ পোড়ানো কখনো গণতান্ত্রিক আন্দোলনের বৈশিষ্ট্য হতে পারে না অথবা অগ্নিকান্ড বা বোমা নিক্ষেপ হতে পারে না কোন আন্দোলনের লক্ষ্য। এসব কথা জনগণকে বোঝানোর জন্য সচেতন শিক্ষক সমাজকেই অগ্রণী ভূমিকা পালন করতে হবে বলে তিনি উল্লেখ করেন। খবর তথ্য বিবরণীর।